“নিরাপদ মাছে ভরবো দেশ
বঙ্গবন্ধুর বাংলাদেশ”

# সচিত্র প্রতিবেদন

## জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২

### (২৩ জুলাই- ২৯ জুলাই)




সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

মধুখালী, ফরিদপুর

# কিছুকথা

আবহমানকাল থেকেই মাছ আমাদের ইতিহাস , সংস্কৃতি ও ঐতিহ্যের সাথে জড়িয়ে আছে। দরিদ্র জনগোষ্ঠির আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ও বৈদেশিক মুদ্রা অর্জনে মৎস্য সেক্টরের অবদান অপরিসীম। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কর্তৃক ঘোষিত রুপকল্প-২০২১, সপ্তম পঞ্চবাষিক পরিকল্পনা ও টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এর ইপ্সিত লক্ষ্য অর্জনে মৎস্য সেক্টরের ভূমিকা অনস্বীকার্য ।

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা এর তথ্যানুযায়ী, অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মাছ আহরণে বাংলাদেশ বিশ্বে ৩য় এবং বদ্ধ জলাশয়ে চাষকৃত মাছ উৎপাদনে ৫ম এবং বৈশ্বিক মহামারী করোনাকালীন সময়ে মাছ উৎপাদন বৃদ্ধির হারে বাংলাদেশ দ্বিতীয়। মাছ উৎপাদন বৃদ্ধি অব্যহত রাখতে এবং দেশের জনগনের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে, আমিষের চাহিদা পূরণে, মৎস্য সম্পদ সংরক্ষণ ও সম্প্রসারণে জনসচেতনতা সৃষ্টির লক্ষে সারা দেশের ন্যায় ফরিদপুর জেলার মধুখালী উপজেলাতে “নিরাপদ মাছে ভরবো দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ” স্লোগানকে সামনে রেখে ২৩ জুলাই থেকে ২৯ জুলাই- ২০২২ পর্যন্ত মধুখালী উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন কর্মসূচী পালিত হয়েছে।

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ সফলভাবে সমাপ্ত হওয়ায় প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য জনাব প্রশান্ত কুমার সরকার, জেলা মৎস্য কর্মকর্তা, ফরিদপুর, জনাব মোঃ শহিদুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর, জনাব মোঃ আশিকুর রহমান চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর, সাধারন সম্পাদক, উপজেলা আওয়ামী লীগ, মধুখালী, ফরিদপুর, ভাইস চেয়ারম্যানদ্বয় উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর, মেয়র, মধুখালী পৌরসভা, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ, উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ এবং সাংবাদিকবৃন্দকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করার জন্য মধুখালী উপজেলা মৎস্য দপ্তরের মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা জনাব দেবব্রত বিশ্বাস, সম্প্রসারণ কর্মকর্তা (এনএটিপি-২) জনাব নাজমীর নূর, ক্ষেত্র সহকারী (এনএটিপি-২) মো: সুজন প্রামানিক, ক্ষেত্র সহকারী (ইলিশ... প্রকল্প) সাথী রানী কে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উদযাপনে উদ্বুদ্ধ হয়ে মধুখালী উপজেলার মৎস্যচাষি/মৎস্যজীবি উৎপাদন বৃদ্ধিতে ও মৎস্য সংরক্ষণে সচেতন হলেই আমাদের প্রয়াস সার্থক হবে।

পবিত্র কুমার দাস
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মধুখালী, ফরিদপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
মধুখালী, ফরিদপুর
www.fisheries.madhukhali.faridpur.gov.bd

**"নিরাপদ মাছে ভরবো দেশ**
**বঙ্গবন্ধুর বাংলাদেশ"**

## জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ এর অনুমোদিত কর্মসূচি

(২৩ জুলাই – ২৯ জুলাই)

| দিন ও তারিখ | সময় | কার্যক্রম | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ম দিন শনিবার ২৩.০৭.২০২২ | দিনব্যাপি | জাতীয় মৎস্য সপ্তাহ- ২০২২ উপলক্ষে উপজেলায় মাইকিং এবং ব্যানার ফেস্টুন এর মাধ্যমে ব্যাপক প্রচারনা। | মধুখালী উপজেলার বিভিন্ন হাট-বাজার। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মধুখালী, ফরিদপুর। |
| | সকাল- ১০:৩০ টা | সাংবাদিকগণের সাথে মত বিনিময় সভা। | উপজেলা মৎস্য অফিস। | ঐ |
| ২য় দিন রবিবার ২৪.০৭.২২ | সকাল- ১০:০০ টা | জাতীয় মৎস্য সপ্তাহ- ২০২২ এর উদ্বোধনী ও আলোচনা সভা এবং তিন জন সফল মৎস্যচাষি"র মাঝে পুরস্কার বিতরণ। | উপজেলা পরিষদ হলরুম। | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর মধুখালী, ফরিদপুর |
| | সকাল- ১০.৩০ টা | মাছের পোনা অবমুক্তকরণ। | ঐ | ঐ |
| | সকাল- ১১:০০ টা | মৎস্যচাষি/ব্যক্তি/উদ্যোক্ত কে পুরস্কার প্রদান। | ঐ | ঐ |
| | সকাল- ১১:৩০ টা | মৎস্য সেক্টরে বর্তমান সরকারের সাফল্য নিয়ে প্রামান্য চিত্র প্রদর্শন। | ঐ | ঐ |
| ৩য় দিন সোমবার ২৪.০৭.২২ | সকাল- ১০:০০ টা | প্রান্তিক পর্যায়ে মৎস্যচাষি ও মৎস্য জীবীদের সাথে স্বাস্থ্যবিধি অনুসরন পূর্বক মত বিনিময়। | মেগচামী দাখিল মাদ্রাসা | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর মধুখালী, ফরিদপুর |
| ৪র্থ দিন মঙ্গলবার ২৫.০৭.২২ | দিন ব্যাপী | অবৈধ জালের বিরুদ্ধে মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা | মধুখালী উপজেলার বিভিন্ন জলাশয় | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মধুখালী, ফরিদপুর। |
| ৫ম দিন বুধবার ২৬.০৭.২২ | সকাল- ১১:০০ টা | মৎস্য চাষিদের সাথে মাছচাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান, পুকুরের মাটি ও পানি পরীক্ষা। | মৎস্য চাষির পুকুর পাড়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মধুখালী, ফরিদপুর। |
| | দুপুর- ১২.০০টা | মৎস্য সেক্টরে বর্তমান সরকারের সাফল্য নিয়ে প্রামান্য চিত্র প্রদর্শন। | মেগচামী ইউনিয়ন পরিষদ। | ঐ |
| ৬ষ্ঠ দিন বৃহস্পতিবার ২৮.০৭.২২ | সকাল- ১০.০০ টা | সুফলভোগীদের প্রশিক্ষণ/বিভিন্ন উপকরণ বিতরন (মৎস্য খাদ্য) ও পরামর্শ প্রদান। | উপজেলা পরিষদ চত্তর। | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর মধুখালী, ফরিদপুর |
| ৭ম দিন শুক্রবার ২৯.০৭.২২ | সকাল- ১০:০০ টা | জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠান | সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মধুখালী, ফরিদপুর। |

পবিত্র কুমার দাস
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মধুখালী, ফরিদপুর

## জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উপলক্ষে মধুখালী উপজেলায় বাস্তবায়িত কর্মসূচি:

### প্রথম দিন- শনিবার

### ২৩/০৭/২০২২

### (মাইকিং, ব্যানার, পোস্টার ও ফেস্টুনের মাধ্যমে ব্যাপক প্রচারনা ও সাংবাদিকগণের সাথে মত বিনিময় সভা)

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উপলক্ষে মধুখালী উপজেলার বিভিন্ন হাট-বাজার ও জনবহুল স্থানে মাইক যোগে ব্যাপক প্রচার প্রচারনা চালানো হয় এবং উপজেলার বিভিন্ন দৃশ্যমান স্থানে ব্যানার, ফেস্টুন, পেস্টার ও লিফলেট এর মাধ্যমে ব্যাপক প্রচারনা চালানো হয় এবং সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মধুখালী, ফরিদপুর এর অফিস কক্ষে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার সভাপতিত্বে সাংবাদিকগণের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এ সময়ে সিনিয়র উপজেলা মৎস্য দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।










(প্রচার প্রচারনা ও সাংবাদিকগণের সাথে মত বিনিময় সভা)

# দ্বিতীয় দিন-রবিবার

# ২৪/০৭/২০২২

## (জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালী, পোনা মাছ অবমুক্তকরণ, উদ্বোধন ও আলোচনা সভা, পুরস্কার প্রদান, ও প্রামান্য চিত্র প্রদর্শন অনুষ্ঠান)

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালী শেষে মধুখালী উপজেলার উপজেলা পরিষদ পুকুরে বিভিন্ন প্রজাতির মাছের পোনা অবমুক্ত করা হয়। মধুখালী উপজেলা পরিষদ মিলনায়তনে জনাব মোঃ আশিকুর রহমান চৌধুরী এর সভাপতিত্বে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উপলক্ষে আলোচনা সভা ও এর শুভ উদ্বোধন ঘোষনা করা হয়। তিনজন সফল মৎস্য চাষিকে পুরস্কার প্রদান করা হয় এবং মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয় । এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ শহিদুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো: মুরাদুজ্জামান মুরাদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, এবং জনাব মোঃ আলভীর রহমান, উপজেলা কৃষি অফিসার, মধুখালী, ফরিদপুর, এ ছাড়া আরও উপস্থিত ছিলেন বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন ইউনিয়ন থেকে আগত জনপ্রতিনিধি, সাংবাদিকবৃন্দ , সিনিয়র উপজেলা মৎস্য দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, বিভিন্ন ইউনিয়নের লিফ, মৎস্যচাষি, মৎস্যজীবী ও সুধীজন।




(বর্ণাঢ্য র‍্যালি)



(আলোচনা সভা ও উদ্বোধনী অনুষ্ঠান)



(পোনা অবমুক্তকরণ)



(পুরস্কার প্রদান)




(প্রামাণ্য চিত্র প্রদর্শন)

# তৃতীয়- সোমবার

## ২৫/০৭/২০২২

# (প্রান্তিক পর্যায়ে মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মত বিনিময়)

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উপলক্ষে মধুখালী উপজেলার মেগচামী ইউনিয়নের মেগচামী দাখিল মাদ্রাসায় প্রান্তিক পর্যায়ে মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন জনাব ওয়াহেদুজ্জামান, সুপার, মেগচামী দাখিল মাদ্রাসা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, সম্প্রসারণ কর্মকর্তা, ক্ষেত্র সহকারী (এনএটিপি-২), ইউনিয়ন পরিষদের সদস্য, প্রান্তিক পর্যায়েরম মৎস্যচাষি ও মৎস্যজীবী ও সূধীজন।










**(মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মত বিনিময়)**

# চতুর্থ দিন-মঙ্গলবার

## ২৬/০৭/২০২২

## (অবৈধ জালের বিরুদ্ধে মোবাইল কোর্ট/অভিযান)

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উপলক্ষে মধুখালী উপজেলার কামারখালী ইউনিয়নের গড়াই নদীতে অভিযান পরিচালনা করা হয় । সিনিয়র উপজেলা মৎস্য দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও লীফ এ কার্যক্রমে অংশগ্রহণ করেন।









(নদীতে অবৈধ জালের বিরুদ্ধে অভিযান ও আটক জাল পুড়িয়ে নষ্ট করা)

## পঞ্চম দিন-বুধবার

## ২৭/০৭/২০২২

**(মৎস্য চাষিদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান,পুকুরের মাটি ও পানি পরীক্ষা ও মৎস্য সেক্টরে বর্তমান  সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন)**

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উপলক্ষে মধুখালী উপজেলার নওপাড়া ইউনিয়নে নওপাড়া গ্রামের বিভিন্ন চাষির পুকুর পাড়ে মাছ চাষ বিষয়ক নিবিড় পরামর্শ সেবা প্রদান, পুকুরের মাটি ও পানি পরীক্ষা করা হয় এবং নওপাড়া ইউনিয়ন পরিষদে মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। উক্ত অংশগ্রহণ করেন চেয়ারম্যান, নওপাড়া ইউনিয়ন পরিষদ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী, ইউনিয়ন পরিষদ সদস্যবৃন্দ, লিফ, স্থানীয় মৎস্যচাষি ও মৎস্যজীবী ও সুধীজন ।









**(মৎস্যচাষিদের বিশেষ পরামর্শ সেবা প্রদান, মাটি ও পানি পরীক্ষা ও প্রমাণ্য চিত্র প্রদর্শন)**

## ষষ্ঠ দিন-বৃহস্পতিবার

## ২৮/০৭/২০২২

## (চাষি/সুফলভোগিদের প্রশিক্ষণ প্রদান ও তাদের মাঝে মৎস্য চাষের বিভিন্ন উপকরণ বিতরন)

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উপলক্ষে মৎস্যচাষি ও সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান করা হয় এবং বিভিন্ন ইউনিয়নের মৎস্য চাষিদের মাঝে মৎস্য খাদ্য বিতরন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন জনাব মোঃ আশিকুর রহমান চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিকবৃন্দ, স্থানীয় মৎস্য সম্প্রসারণ প্রতিনিধি, মৎস্য চাষী ও সুধীজন।









**(প্রশিক্ষণ প্রদান ও উপকরণ বিতরণ)**

## সপ্তম দিন- শুক্রবার

## ২৯/০৭/২০২১

## (মুল্যায়ন ও সমাপনী অনুষ্ঠান)

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উপলক্ষে উপজেলা পরিষদ মিলনায়তনে মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠানে উপজেলা মৎস্য দপ্তর, মধুখালী, ফরিদপুর এর সকল কর্মকর্তা ও কর্মচারী, লিফ, সিআইজি চাষী, মৎস্যজীবী ও সুধীজন উপস্থিত ছিলেন। পরিশেষে জাতীয় মৎস্য সপ্তাহ সফল ভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ এর সমাপ্তি ঘোষণা করা হয়।





(মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠান)

# বিভিন্ন পত্র পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন

যুগান্তর | সোমবার ২৫ জুলাই ২০২২
১০ শ্রাবণ ১৪২৯
/DailyJugantor /DainikJugantor www.jugantor.com



## জাতীয় মৎস্য সপ্তাহ শুরু

যুগান্তর ডেস্ক

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ রোববার শুরু হয়েছে। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়ালি এ মৎস্য সপ্তাহের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে বিভিন্ন জেলা-উপজেলায় র‍্যালি, আলোচনা সভা, মাছের পোনা অবমুক্তকরণ, সফল মৎস্য চাষিদের সম্মাননা প্রদানসহ নানা কর্মসূচি পালন করা হয়েছে। যুগান্তর ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর : **দিনাজপুরে** সভায় প্রধান অতিথি ছিলেন নৌ-পরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। সভাপতিত্ব করেন ইউএনও আফছানা কাওছার। **দাউদকান্দিতে** সভায় প্রধান অতিথি ছিলেন সংসদ-সদস্য মেজর জেনারেল (অব) সুবিদ আলী ভূঁইয়া। সভাপতিত্ব করেন সহকারী কমিশনার (ভূমি) মো. জিয়াউর রহমান। **যশোরে** সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক তমিজুল ইসলাম খান। প্রধান অতিথি ছিলেন সংসদ-সদস্য কাজী নাবিল আহমেদ। অনুষ্ঠানে জাহিদুর রহমান, জিনারুল ইসলাম, শেখ সাব্বির আহমেদ, শামছুল আলম রবিউল, আবু সাঈদ লাভলু, প্রতীশ রায়, আবদুর রউফ মুন্সী, মোহাম্মদ আলী, তৌহিদুর রহমান, রিপন কুমার ঘোষ, পলাশ বালাকে সম্মাননা দেওয়া হয়। **রাজশাহীতে** জেলা প্রশাসক আব্দুল জলিলের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি) এএনএম মঈনুল ইসলাম। বক্তব্য দেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মুহাম্মদ শরিফুল হক, মৎস্য অধিদপ্তর রাজশাহী বিভাগের উপপরিচালক আব্দুর রউফ। **সাতকানিয়ায়** সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান এমএ মোতালেব সিআইপি। সভাপতিত্ব করেন ইউএনও ফাতেমা তুজ জোহরা। মধুখালীতে ইউএনও মো. আশিকুর রহমান চৌধুরীর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান মো. শহিদুল ইসলাম। **পীরগঞ্জে** সভায় বক্তব্য দেন উপজেলা চেয়ারম্যান আখতারুল ইসলাম, মেয়র ইকরামুল হক। **সেনবাগে** ইউএনও নাজমুন নাহারের সভাপতিত্বে সভায় বক্তব্য দেন কৃষি কর্মকর্তা জুনায়েদ আলাম। হোমনায় সহকারী কমিশনার মিজানুর রহমানের সভাপতিত্বে সভায় ভার্চুয়ালি বক্তব্য দেন সংসদ-সদস্য সেলিমা আহমাদ মেরী, উপজেলা চেয়ারম্যান রেহানা বেগম। রাঙ্গুনিয়ায় সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান স্বজন কুমার তালুকদার। সভাপতিত্ব করেন ইউএনও আতাউল গনি ওসমানী। তিতাসে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান মো. পারভেজ হোসেন সরকার, ইউএনও এটিএম মোর্শেদ। ফরিদপুরে সভায় সভাপতিত্ব করেন প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. জহুরুল ইসলাম। বক্তব্য দেন উপজেলা চেয়ারম্যান গোলাম হোসেন, মেয়র খম কামরুজ্জামান মাজেদ। পাঁচবিবিতে ইউএনও বরমান হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন সংসদ-সদস্য সামছুল আলম দুদু। কাউখালীতে আলোচনা সভায় সভাপতিত্ব করেন কাপ্তাই উপজেলা জ্যেষ্ঠ মৎস্য কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) আরিফুর রহমান। প্রধান অতিথি ছিলেন কাউখালী উপজেলা চেয়ারম্যান মো. সামশু দোহা চৌধুরী। অনুষ্ঠানে মৎস্য চাষি মো. শাহিন আলম অভি, ক্যাজাই মারমা ও আলী দেওয়ানকে পুরস্কার দেওয়া হয়। মিরসরাইয়ে সপ্তাহ উদ্বোধন করেন জ্যেষ্ঠ মৎস্য কর্মকর্তা নাসিম আল মাহমুদ। সভায় প্রধান অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রঘুনাথ নাহা। গাইবান্ধায় মৎস্য অধিদপ্তরের উপ-পরিচালক মো. ফয়সাল আজমের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মো. অলিউর রহমান। হাজীগঞ্জে র‍্যালিতে প্রধান অতিথি ছিলেন সংসদ-সদস্য মেজর (অব.) রফিকুল ইসলাম বীরউত্তম। উপস্থিত ছিলেন ইউএনও মো. রাশেদুল ইসলাম, কৃষি কর্মকর্তা দিলরুবা খানম। রানীনগরে সভায় বক্তব্য দেন উপজেলা চেয়ারম্যান আব্দুর রউফ দুলু, জ্যেষ্ঠ উপজেলা মৎস্য কর্মকর্তা শিল্পী রায়। কাউনিয়ায় ইউএনও তাহমিনা তারিন দেবিদ্বারে সহকারী কমিশনার গিয়াস উদ্দিন, রায়পুরে ইউএনও অনজন দাশ, চাটখিলে ইউএনও এএসএম মোসা, কোম্পানীগঞ্জে ইউএনও মো. মেজবা উল আলম ভূঁইয়া, লোহাগাড়ায় ইউএনও শরীফ উল্যা ও গোমস্তাপুরে সহকারী মৎস্য কর্মকর্তা নাইমুল হকের সভাপতিত্বে সভা হয়েছে।

**বিভিন্ন স্থানে র‍্যালি, সভা মাছের পোনা অবমুক্তকরণ ও সফল মৎস্যচাষিদের সম্মাননা প্রদান**

## মধুখালী উপজেলায় মৎস্য সম্পদের বৃদ্ধিতে কতিপয় সুপারিশমালা :

ক) উপজেলাতে সহকারী মৎস্য কর্মকর্তা, ক্ষেত্রসহকারী, অফিস সহকারী ,অফিস সহায়ক এর পদ শুন্য রয়েছে। অতি সত্তর লোকবল নিয়োগ করা প্রয়োজন।

খ) মাছ চাষের মাটি, পানি ও মাছের রোগ নির্ণয়ের জন্য প্রতিটি উপজেলায় অধুনিক যন্ত্রপাতি সেরবরাহ দেয়া প্রয়োজন।

গ) অফিস আনুসঙ্গিক, পেট্রোল ও লুব্রিক্যান্ট ও ভ্রমন ভাতা খাতে অর্থ বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন।

ঘ) জলজ জীব বৈচিত্র রক্ষায় প্রতিটি বিল/হাওড়/নদীতে অভয়াশ্রম স্থাপন করা প্রয়োজন।

ঙ) আধুনিক মাছ চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদানের পরিমান বৃদ্ধি করা প্রয়োজন।

চ) খাদ্য উপকরণের দাম হ্রাস করা প্রয়োজন।

ছ) কৃষি ক্ষেতে কীট নাশকের ব্যবহার কমিয়ে বিকল্প পদ্ধতিতে কীট পতঙ্গ দমন করা প্রয়োজন।

জ) মৎস্য আইন বাস্তবায়নে অর্থ বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন।

ঝ) রাজস্ব বাজেটের আওতায় বিল নার্সারি ও প্রদর্শনী স্থাপন করা প্রয়োজন।

ঞ) জলাশয় সংস্কার ও পুন:খনন করা প্রয়োজন।

ট) নিজস্ব অফিস ভবন থাকা প্রয়োজন।